

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৫৫

আগরতলা, ১৪ জানুয়ারি, ২০২৫

ভব গঙ্গা-শাস্ত্রীয় নৃত্যানুষ্ঠানে অংশ নিলেন ড. সোনাল মানসিং
বিশ্বের দরবারে ভারতীয় শাস্ত্রীয় নৃত্যকে তুলে ধরার ক্ষেত্রে
ড. সোনাল মানসিং'র ভূমিকা প্রশংসনীয় : রাজ্যপাল



রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ১নং হলে গতকাল সন্ধ্যায় ‘ভব গঙ্গা দ্য প্যারেনিয়াল ফ্লো অব ক্রিয়েশন’ শীর্ষক এক শাস্ত্রীয় নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হয়। উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের সহায়তায় শ্রী কামাখ্যা কলাপীঠ সংস্থা এই শাস্ত্রীয় নৃত্যানুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে পদ্মবিভূষণ ও পদ্মভূষণ সম্মানে ভূষিতা খ্যাতনামা ভারতনাট্যম ও ওডিশি নৃত্যশিল্পী ড. সোনাল মানসিং ও শ্রী কামাখ্যা কলাপীঠের শিল্পীগণ শাস্ত্রীয় নৃত্য পরিবেশন করেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি শিল্পীদের নৃত্যশৈলীর ভূয়সী প্রশংসা করে বলেন, ভারতীয় শাস্ত্রীয় নৃত্যের জগতে শ্রী কামাখ্যা কলাপীঠ সংস্থা এক উল্লেখযোগ্য স্থান দখল করে আছে। বিশ্বের দরবারে ভারতীয় শাস্ত্রীয় নৃত্যকে তুলে ধরার ক্ষেত্রে ড. সোনাল মানসিং'র ভূমিকা প্রশংসনীয়। অনুষ্ঠানে রাজ্যপাল পত্নী রেনুকা নাগু এবং মুখ্যসচিব জে কে সিনহাও উপস্থিত ছিলেন।
